অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/12/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

ফেডারেল ডিজাস্টার অ্যাসিস্ট্যান্সের জন্য গভর্নর হোচুল অতিরিক্ত অনুমোদন ঘোষণা করেন একাধিক কাউন্টিতে প্রথমিক যৌথ ক্ষতির মূল্যায়নের পরে যারা হারিকেন আইডার অবশিষ্টাংশের দ্বারা প্রভাবিত হয়েছিল

সাফোক এবং সুলিভান কাউন্টিগুলি এখন প্রধান দুর্যোগ ঘোষণার অধীনে ফেডারেল অর্থায়নের জন্য যোগ্য, স্থানীয় সরকারগুলিকে এই মাসের শুরুর দিকে বন্যার দ্বারা প্রভাবিত সরকারি পরিকাঠামো এবং সুবিধাগুলি পুনর্নির্মাণ করতে সহায়তা করে

উভয় কাউন্টি সরকারি সহায়তা পাওয়ার জন্য যোগ্য বলে ফেডারেল সরকার দ্বারা নির্ধারিত; সাফক কাউন্টি এছাড়াও ব্যক্তিগত সহায়তা প্রোগ্রামের জন্য যোগ্য

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে এই মাসের শুরুর দিকে হারিকেন আইডার অবশিষ্টাংশের ফলে সৃষ্ট বিধ্বংসী বন্যার ফলে পূর্বে ঘোষিত বড় মাপের দুর্যোগ ঘোষণায় সাফোলক এবং সুলিভান কাউন্টিগুলি যোগ করার জন্য অনুমোদন দেওয়া হয়েছে। নিউ ইয়র্ক স্টেট এবং ফেডারেল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency) যৌথ ক্ষতির মূল্যায়নের উপর ভিত্তি করে অনুমোদনটি করা হয়েছে। উভয় কাউন্টিই এখন সরকারি সহায়তার জন্য ফেডারেল আর্থিক অর্থপ্রাপ্তির যোগ্য পৌরসভাগুলি পুনরুদ্ধার করার জন্য এবং সরকারি মালিকানার পরিকাঠামো ও ফেসিলিটিগুলি পুনর্গঠনের জন্য; সাফোক কাউন্টি একক সহায়তা প্রোগ্রামের জন্য যোগ্য।

ঘোষণার অধীনে ইতিমধ্যেই সরকারি সহায়তার জন্য অনুমোদিত অতিরিক্ত কাউন্টিগুলির মধ্যে আছে ব্রঙ্কস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, কুইন্স, রিচমন্ড এবং ওয়েস্টচেস্টার। ব্রঙ্কস, কিংস, নাসাউ, কুইন্স, রিচমন্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টিগুলিও একক সহায়তার জন্য যোগ্য, যা ব্যক্তি এবং বাড়ির মালিকদের জন্য সরাসরি ত্রাণ প্রদান করে।

"আমরা সরকারের সকল স্তরে আমাদের অংশীদারদের সাথে অক্লান্ত পরিশ্রম করে চলেছি যাতে যে পরিবার এবং সম্প্রদায়গুলি আইডার প্রভাব থেকে পুনরুদ্ধার করছে তাদের পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয় সহায়তা পায় তা নিশ্চিত করার জন্য," **গভর্নর হোচুল বলেন।** "আমাদের এখনও আরো কাজ করতে হবে, এবং সাফোক এবং সুলিভান কাউন্টিগুলিও এখন ফেডারেল অর্থায়নের জন্য যোগ্যতা অর্জন করার সাথে, আমি প্রেসিডেন্ট বাইডেন এবং ফেডারল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সিকে (Federal Emergency Management Agency, FEMA) তাদের অব্যাহত সহায়তার জন্য এবং বিপন্ন নিউ ইয়র্কবাসীদের এই গুরুত্বপূর্ণ সম্পদ প্রদানের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন বলেন, "আমি খুশি যে FEMA-র থেকে একটি বড় দুর্যোগ ঘোষণার জন্য সাফোক কাউন্টির অনুরোধ দ্রুত অনুমোদিত হয়েছে যাতে আমরা হাজার হাজার ব্যবসা এবং বাসিন্দাদের জন্য যথেষ্ট ত্রাণ প্রদান করতে পারি যাডের অপরিহার্য মেরামতের প্রয়োজন হারিকেন আইডার প্রভাবের পর। আমি নিউ ইয়র্ক স্টেটের সাথে সহযোগিতার প্রশংসা করি যখন আমরা এই চরম আবহাওয়ার ঘটনা থেকে পুনরুদ্ধার পেতে থাকছি।"

সুলিভান কাউন্টির ম্যানেজার জোশুয়া পোটোসেক বলেন, "আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই যে তিনি নিউ ইয়র্কবাসীদের পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করার প্রতিশ্রুতি পালন করেছেন। এই হারিকেনটি ছিল ঐতিহাসিক এবং আমাদের কাউন্টি জুড়ে সম্প্রদায়ের জন্য এবং এই রাজ্য সহানুভূতিশীল নেতৃত্বের উপর নির্ভর করে যখন তারা তাদের জীবনকে আবার স্বাভাবিক করার চেষ্টা করছেন।"

গভর্নর হোচুল এবং ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) হারিকেন আইডার বিধ্বংসী প্রভাব থেকে নিউ ইয়র্কবাসীদের সম্পূর্ণভাবে পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সংস্থান এবং সহায়তা পাওয়া নিশ্চিত করতে স্থানীয়, স্টেট ও ফেডারেল পর্যায়ে আমাদের অংশীদার এজেন্সিগুলির সাথে কাজ করছে। আইডা দ্বারা প্রভাবিত অতিরিক্ত কাউন্টিগুলিতে প্রাথমিক ক্ষয়ক্ষতির মূল্যায়ন চলছে এবং স্টেট যোগ্য নির্ধারিত হলে আরো কাউন্টিগুলির জন্য সাহায্য পাওয়ার অনুরোধ করবেন।

গভর্নরের অনুরোধে এবং মার্কিন প্রেসিডেন্টের স্বাক্ষরিত একটি বড় দুর্যোগ ঘোষণাপত্র, ফেডারেল সরকারের কাছ থেকে দুর্যোগ ত্রাণ প্রদানের জন্য আর্থিক সহায়তার ব্যবস্থা করে এবং সম্প্রদায়গুলিকে সরকারি সহায়তা বা সরকারি এবং ব্যক্তিগত সহায়তার সমন্বয়ে পুনরুদ্ধারের ব্যবস্থা করে। সরকারি সহায়তা জীবন বাঁচাতে এবং সম্পত্তি রক্ষা করার জন্য জরুরি সহায়তা প্রদান করে, তার সাথে রাস্তাঘাট, সেতু, স্কুল, পার্ক, হাসপাতাল, থানা, ফায়ার হাউস, পানি এবং বর্জ্য পানির ট্রিটমেন্ট ফেসিলিটি এবং অন্যান্য সরকারী মালিকানাধীন ফেসিলীটিগুলি সহ সরকারি ভবন এবং পরিকাঠামোর মেরামত এবং ধ্বংসাবশেষ অপসারণ করার জন্য অর্থায়ন প্রদান করে।

একক সহায়তা ব্যক্তি এবং বাড়ির মালিকদের জন্য সরাসরি সহায়তা প্রদান করে। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা বীমাহীন বা কম-বীমার দুর্যোগ-সৃষ্ট খরচ ও জরুরি প্রয়োজনের জন্য, যেমন ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপন, বা অপসারণ ও জমা রাখার জন্য তহবিল, বা মেডিক্যাল, ডেন্টাল ও চাইল্ড কেয়ারের জন্য তহবিল পেতে পারে। বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের উচিত তাদের ক্ষতি নথিভুক্ত করার জন্য সব প্রচেষ্টা করা। যে কাউন্টিগুলি একক সহায়তার জন্য যোগ্যতা পায়, সেখানে যোগ্য গৃহের মালিকরা তহবিল প্রাপ্তির জন্য সরাসরি FEMA-র সাথে কাজ করবেন। সহায়তার মধ্যে অস্থায়ী হাউজিং ইউনিট, বাড়ি ও ড্রাইভয়ে মেরামত, সঙ্কটকালীন কাউন্সেলিং, বেকারত্ব সহায়তা ও আইনি পরামর্শের জন্য অর্থায়ন অন্তর্ভুক্ত থাকতে পারে।

এছাড়াও গভর্নর হোচুল পূর্বে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি নতুন অনলাইন রিসোর্স হাব শুরু হওয়ার কথা ঘোষণা করেন, যা পাওয়া যাবে এখানে ny.gov/Ida। হাবটি উপলভ্য সহায়তা কর্মসূচি সম্পর্কে এবং কোথায় আশ্রয় এবং খাবারের অ্যাক্সেসের মতো পরিষেবাগুলি খুঁজে পাওয়া যায় সে সম্পর্কে তথ্য সরবরাহ করে। নিউ ইয়র্কবাসীর জন্য আরো যত শক্তিসম্পদ যোগ হতে থাকবে সাইটের তথ্য আপডেট করা হবে। উপরন্তু, পুনরুদ্ধার সেবা কেন্দ্রগুলিকে সমর্থন করতে

স্টেট নিউ ইয়র্ক সিটির সাথে অংশিদারিত্ব করছে যা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়গুলির প্রতিনিধিত্বকারী নির্বাচিত কর্মকর্তাদের সাহায্য নিচ্ছে এবং উপলব্ধ সংস্থান ও সহায়তা সম্পর্কে তথ্য প্রদান করছে।

এছাড়াও গভর্নর হোচুল FEMA থেকে পূর্বে প্রাপ্ত 378 মিলিয়ন মার্কিন ডলারের বিপদ প্রশমন তহবিল ব্যবহার করে চরম আবহাওয়ার মোকাবেলায় নিউ ইয়র্কের পরিকাঠামো মজবুত করতে নির্দেশ দিয়েছেন।

গভর্নর হোচুল প্রভাবিত কাউন্টিগুলির স্থানীয় দাপ্তরিক কর্মচারীদের শক্তি সম্পদের যেকোনো প্রয়োজন সরাসরি NY রেস্পন্ডসে দাখিল করার জন্য তাদের কাউন্টি জরুরি ব্যবস্থাপকদের সাথে কাজ করা চালিয়ে যেতে উৎসাহ দিয়েছেন, NY রেস্পন্ডস হল স্টেটের একটি ওয়েব-ভিত্তিক সিস্টেম যা স্থানীয় সরকার এবং স্টেট এজেন্সি উভয়কে গুরুত্বপূর্ণ জরুরি অবস্থা-সংক্রান্ত তথ্য ও শক্তি সম্পদের অনুরোধ দাখিল করতে দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন